

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা
সংস্থাপন শাখা

সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অনুষ্ঠিত ত্রৈমাসিক সভার কার্যবিবরণী :

সভাপতি মোঃ ফিরোজ শাহ
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), খুলনা।
সভার তারিখ ২৬.০৬.২০২৩ খ্রি:
সভার সময় ১৫:০০ ঘটিকা।
স্থান সার্কিট হাউজ, খুলনা ঐর সম্মেলন কক্ষ।
উপস্থিতি পরিশিষ্ট-ক তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) সভার কার্যপত্র অনুসারে তথ্যাদি সভায় উপস্থাপন করেন। গত ৩১.০৫.২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃষ্টিকরণ করা হয়। সভার আলোচ্যসূচী বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

আলোচ্য সূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	<u>ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন:</u> সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত সকল সভা কার্যকরভাবে নিয়মিত আয়োজন বিষয়ে সভায় আলোচনা করা হয়।	সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত সকল সভা কার্যকরভাবে নিয়মিত আয়োজন করতে হবে।	জেলা প্রশাসক (সকল), খুলনা বিভাগ।
০২	<u>সিটিজেন চার্টার ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ :</u> নির্ধারিত ফরমেট মোতাবেক সিটিজেন চার্টার আপলোড করে ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। ওয়েবসাইটে আপলোডকৃত সিটিজেন চার্টারে সকল সেবাসমূহ নিয়মিত হালনাগাদ হচ্ছে কি না সে বিষয়েও সভায় আলোচনা করা হয়।	সিটিজেন চার্টার ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	জেলা প্রশাসক (সকল), খুলনা বিভাগ।
০৩	<u>সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন :</u> কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতাবৃদ্ধির জন্য প্রশিক্ষণ/ সেমিনার/ কর্মশালা আয়োজন করতে হবে। সেবা প্রদান সংক্রান্ত আইন-কানুন, বিধি-বিধান, চাকরি বিধি এবং নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে প্রশিক্ষণ আয়োজন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।	কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য সেবা প্রদান সংক্রান্ত আইন-কানুন, বিধি-বিধান, চাকরি বিধি বিষয়ে প্রশিক্ষণ আয়োজন করতে হবে।	জেলা প্রশাসক (সকল), খুলনা বিভাগ।
০৪।	<u>সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন:</u> অংশীজনের অংশগ্রহণে সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন বিষয়ে সভায় আলোচনা করা হয়।	অংশীজনের অংশগ্রহণে সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করতে হবে।	জেলা প্রশাসক (সকল), খুলনা বিভাগ।



মোঃ ফিরোজ শাহ

অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), খুলনা।

তারিখ: ১২ আষাঢ় ১৪৩০

২৬ জুন ২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মন্ত্রিপরিষদ সচিব (রুটিন দায়িত্ব), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) বিভাগীয় কমিশনার, খুলনা।
- ৪) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক/রাজস্ব/উন্নয়ন), খুলনা।
- ৫) পরিচালক, স্থানীয় সরকার শাখা, খুলনা বিভাগ, খুলনা।
- ৬) জেলা প্রশাসক, ঝিনাইদহ/যশোর/খুলনা/সাতক্ষীরা/বাগেরহাট/মাগুরা/কুষ্টিয়া/নড়াইল/মেহেরপুর/চুয়াডাঙ্গা
- ৭) বিভাগীয় কমিশনারের একান্ত সচিব, খুলনা।
- ৮) সিনিয়র সহকারী কমিশনার/ সহকারী কমিশনার-----শাখা,, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা।
- ৯) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা (তাকে ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ১০) নাজির, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা।



মোঃ ফিরোজ শাহ

অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), খুলনা।